

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিসের নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ (গ্রুপ)	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানতের পরিমাণ (টাকা)
			গ্রহণ	খোলা		
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৩৪/২০১৯-২০	গ্রাহক নথি রিডিং বাইন্ডার	২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখ বুধবার হইতে ১৩/০৪/২০২০ খ্রিঃ তারিখ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১৫/০৪/২০২০ খ্রিঃ তারিখ বুধবার ১২-০০ ঘটিকা পর্যন্ত।	১৫/০৪/২০২০ খ্রিঃ তারিখ বুধবার দুপুর ১২-৩০ ঘটিকা।	৫০০.০০	৪৩,০০০/-

- ০১। অগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে উল্লেখিত ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট **WEB: pbs.patuakhali.gov.bd** এ পাওয়া যাইবে।
- ০২। অগ্রহী দরদাতাগণ পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হইতে বর্ণিত পরিমাণ টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্তকরতঃ পটুয়াখালী পবিস-এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে; ক) পটুয়াখালী পবিস, কালিকাপুর, পটুয়াখালী (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাংকিং (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর, ১০ম তলা, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।
- ০৩। দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর পটুয়াখালী এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে ০৭ নং কলামে বর্ণিত টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতঃ ৩ নং কলামে বর্ণিত সময় সীমার মধ্যে দরপত্র ক্রয় করিতে হইবে। ৪ নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী সমিতির সদর দপ্তর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাংকিং (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা-তে দরদাতাগণ উপরে বর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিল করিতে পারিবেন। দরপত্র খামের উপরে দরপত্র নং ও ক্রয়তব্য মালামালের নাম স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। দরপত্র বর্ণিত সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০৪। সরবরাহকারীকে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহকারীকে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করিতে হইবে।
- ০৫। দরপত্র সম্পর্কে কাহারো কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে, উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্নের ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।
- ০৬। পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

টেলিফোন নং-০৪৪১-৬২২২০

জেনারেল ম্যানেজার
পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

